দৈনিক বাংলা

তারিখ 26 FEB 1993
পৃষ্ঠা ৭ কলাম ৭

৪২ ৩ 14

## প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক ঃ সর্বাত্মক সাহায্যের আশ্বাস

# ক্যাম্পাস থেকে সন্ত্রাসী ধরতে অনুমতি লাগবে না ঃ ১০ ভিসি

বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস চ্যান্সেলররা সরকারের প্রতি ক্যাম্পাসে সন্ত্রাসী তৎপরতা কঠোর হাতে দমনে আইন-শৃঙ্খলারক্ষাকারী সংস্থাগুলোকে অবিলম্বে নির্দেশ দেয়ার আহ্বান জানিয়েছেন। তারা বলেন, ক্যাম্পাস থেকে সন্ত্রাসীদের ধরার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছ থেকে পূর্বানুমতি গ্রহণের কোন প্রয়োজন নেই। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় সমিতির স্থায়ী কমিটির সদস্য হিসাবে তারা প্রধানমন্ত্রীর কাছে এই সুপারিশ করেন। ভাইস চ্যান্সেলরগণ বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর সঙ্গে তার অফিসে সাক্ষাৎ করতে গিয়েছিলেন। ভাইস চ্যান্সেলররা প্রধানমন্ত্রীকে আরো জানান, ছাত্রদের সঠিকভাবে চেনার জন্য তারা অবিলম্বে 'পরিচয়পত্র' চালু করার পক্ষপাতী। খবর বাসসর।

ক্যাম্পাসে সন্ত্রাসী তৎপরতা দমনে ও শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখার ব্যাপারে সরকার সম্ভাব্য সব সাহায্য দেবেন বলে প্রধানমন্ত্রী তাদের আশ্বাস দেন। বৈঠকে প্রধানমন্ত্রী ও ভাইস চ্যান্সেলররা রাজশাহী বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয় এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ে সম্প্রতি সংঘটিত অপ্রীতিকর ঘটনাবলী পর্যালোচনা করেন।

প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকারীদের মধ্যে ছিলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এমাজউদ্দীন আহমদ, বাংলাদেশ প্রকৌশল ও কারিগরি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক মোহাম্মদ শাহজাহান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভিসি ডঃ এম আনিসুর রহমান, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক মোহাম্মদ আশরাফ আলী খান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক রফিকুল ইসলাম চৌধুরী, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক কাজী সালেহ আহমদ, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক মোহাম্মদ আবদুল হামিদ, সিলেট শাহজালাল বিজ্ঞান ও কারিগরি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক সদরুদ্দীন আহমদ চৌধুরী, খুলনা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক গোলাম রহমান এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এম শমসের আলী।

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরুদ্দীন সরকার ও স্বরাষ্ট্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরী এ সময় উপস্থিত ছিলেন।